তারিখ 21 DEC 2002
পৃষ্ঠা ৩ কলাম ৩

দৈনিক
জনকণ্ঠ

# ঢাকা কলেজের প্রাক্তন ছাত্রদের উৎসবমুখর পুনর্মিলনী

স্টাফ রিপোর্টার ॥ ১৬১ বছরের পুরনো ঐতিহ্যবাহী 'ঢাকা কলেজ'-এর প্রাক্তন ছাত্রদের দ্বিতীয় পুনর্মিলনী শুক্রবার উৎসবমুখর পরিবেশে ধানমণ্ডির মহিলা ক্রীড়া কমপ্লেক্সে অনুষ্ঠিত হয়। এই কলেজের ছাত্র ছিলেন এমন বিশিষ্ট ব্যক্তিবর্গসহ প্রায় দুই হাজার প্রাক্তন ছাত্র দিনব্যাপী এই অনুষ্ঠানে যোগ দেন। সাত বছর পর অনুষ্ঠিত এই পুনর্মিলনীতে অনেকেই যোগাযোগ বিচ্ছিন্ন সহপাঠীদের দেখা পেয়ে আবেগে আপ্লুত হন। প্রাক্তন ছাত্রদের অনেকের সঙ্গে আসা তাদের সহধর্মিণীদের উপস্থিতিতে পুরো অনুষ্ঠানটি বড় আকারের পারিবারিক সম্মিলনীতে পরিণত হয়।

সকালের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কলেজের প্রবীণতম প্রাক্তন ছাত্র মোনায়েম উদ্দিন আহমেদ. স্বাগত বক্তব্য রাখেন পুনর্মিলনী ২০০২-এর আহ্বায়ক. দৈনিক ইত্তেফাকের সম্পাদক মণ্ডলীর সভাপতি ব্যারিস্টার মইনুল হোসেন. প্রাক্তন ছাত্র ও বিশিষ্ট সাংবাদিক শফিক রেহমান. সাধারণ সম্পাদকের রিপোর্ট পেশ করেন প্রাক্তন ছাত্র সমিতির সাধারণ সম্পাদক নাসিম মাহমুদ. সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি, সাবেক সেনাপ্রধান লে. জেনারেল (অব) মাহবুবুর রহমান এমপি।

স্মৃতিচারণ, খেলাধুলা, ভোজ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে অনুষ্ঠিত দিনব্যাপী এ পুনর্মিলনীতে অংশগ্রহণকারী বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে ছিলেন, শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, শিল্পমন্ত্রী এমকে আনোয়ার. আইনমন্ত্রী ব্যারিস্টার মওদুদ আহমেদ. ডেপুটি স্পীকার আখতার হামিদ সিদ্দিকী. সাবেক মন্ত্রী ও আওয়ামী লীগ নেতা জিল্লুর রহমান এমপি. আব্দুর রাজ্জাক এমপি. দেশের প্রধান কবি শামসুর রাহমান. রাজনীতিবিদ রাশেদ খান মেনন. রাশেদ মোশাররফ; মাহমুদুর রহমান মান্না. সাবেক অর্থমন্ত্রী এএমএ মুহিত ও এম সাইদুজ্জামান. প্রতিমন্ত্রী মেজর (অব) কামরুল ইসলাম. মির্জা ফখরুল ইসলাম আলমগীর. প্রাইভেটাইজেশন কমিশনের চেয়ারম্যান ইনাম আহমেদ চৌধুরী. ফারুক খান এমপি. কাজী জাফরুল্লাহ এমপি. অধ্যাপক মোজাফফর আহমদ. অধ্যাপক আমিরুল ইসলাম চৌধুরী. অধ্যাপক রফিকুল ইসলাম. ড. দেবপ্রিয় ভট্টাচার্য, ব্র্যাকের চেয়ারম্যান ফজলে হাসান আবেদ. ডাঃ জাফরুল্লাহ চৌধুরী. ড. ফখরুদ্দিন আহমেদ. ড. মিজানুর রহমান শেলী. সাংবাদিক এনায়েতুল্লাহ খান. সাদেক খান. ইকবাল সোবহান চৌধুরী. সাবেক বিমানবাহিনীপ্রধান এয়ার ভাইস মার্শাল (অব) জামালউদ্দিন আহমেদ. সাবেক নৌবাহিনীপ্রধান রিয়ার এডমিরাল (অব) নুরুল ইসলাম. শিল্পী মোস্তফা জামান আব্বাসী. চলচ্চিত্র ব্যক্তিত্ব সৈয়দ সালাউদ্দিন জাকী প্রমুখ।